**ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি**

**আন্দরকিল্লা শাখা, চট্টগ্রাম।**

## অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে আই জে এন্টারপ্রাইজ এর স্বত্ত্বাধিকারী জনাব মইন উদ্দিন মোঃ সহিদ, পিতা- মরহুম মোঃ জানে আলাম, মাতা লতিফা বেগম, ব্যবসায়িক ঠিকানা-৪৫৪/বি-৮ এমদাদ ম্যানশন, কাটাপাহাড় লেইন, টেরিবাজার, পোস্ট অফিস : ৪০০০ ,থানা: কোতোয়ালি, চট্টগ্রাম, বর্তমান ঠিকানা-মনোয়ারা ভিলা, বাড়ি- ৯, রোড- ১, আনন্দ ধারা, পশ্চিম রামপুরা, হালিশহর জেলা : চট্টগ্রাম, স্থায়ী ঠিকানা- মনোয়ারা ভিলা, বাড়ি- ৯, রোড- ১, আনন্দ ধারা, পশ্চিম রামপুরা, হালিশহর জেলা : চট্টগ্রাম কর্তৃক ইউসিবি পিএলসি, আন্দরকিল্লা শাখা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভূক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি (যদি থাকে) রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ২৫/০৬/২০২৬ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ৬৮,০৮,১ ৫৫. ২২ (আটষট্টি লক্ষ আট হাজার একশত পঞ্চান্ন টাকা বাইশ পয়সা ) টাকা সহ অন্যান্য আনুসাঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

## বন্ধকী সম্পত্তিসমূহের তফসিল

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের আওতাধীন, ডাবলমুরিং থানার অন্তর্গত মৌজায় অবস্থিত ১,১৫১.০০ বর্গফুট আয়তনের একটি ফ্ল্যাট এবং এর সঙ্গে সংশ্লিষ্ট ০.৭০ শতক (ডেসিমেল) জমির অবিভক্ত ও নির্দিষ্টভাবে চিহ্নিত নয় এমন আনুপাতিক অংশ বন্ধক (Registered Mortgage) রাখা হয়েছে। সম্পত্তিটির বিস্তারিত তথ্য নিম্নরূপঃ

জে.এল. নং: ০৮, আর.এস. খতিয়ান নং: ৩৯৯, বি.এস. খতিয়ান নং: ২৫, আর.এস. প্লট নং: ২০০ ও ২০১, বি.এস. প্লট নং: ৬৩৬, বি.এস. মিউটেশন খতিয়ান নং: ২২৩৫, উক্ত সম্পত্তির মালিক ফারিদা পারভীন ডলি, স্বামী: মইন উদ্দিন মোঃ শহীদ।

সীমানা -উত্তর : মিজানুর রাহমান,দক্ষিণ : ১২ ফিট প্রসস্ত রাস্তা ,পূর্ব : ৪০ ফিট আনন্দাধারা আর/এ, পশ্চিম: আবুল কালাম।

**ঃ-নিলামের শর্তাবলী ঃ-**

১। আগামী ২৬/০৭/২০২৬ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসিঃ, আন্দরকিল্লা শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

২। প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসিt, আন্দরকিল্লা শাখার অনুকুলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৩। অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহব্বান করিতে পারিবেন।

৪। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নসাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

৫। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকুলে নিলামকৃত সম্পত্তি রেজিষ্ট্রি দলিলমুলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন– রেজিষ্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভুমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে ।

৬। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্ব/স্বত্ত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হইবে না।

৭। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নসাক্ষরকারী অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

৮। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

**ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসিঃ, আন্দরকিল্লা শাখা,** চট্টগ্রাম ।